সংবাদ

তারিখ 6 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

# তালার পাঁচ শিক্ষক ৪ পরীক্ষার্থী বহিষ্কার

প্রতিনিধি, তালা (সাতক্ষীরা)

চলমান এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে তালার কুমিরা মহিলা কলেজ কেন্দ্রে দায়িত্ব অবহেলার অভিযোগ ৩ জন শিক্ষক এবং নকল ও মোবাইল ফোন রাখার অভিযোগে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া মোবাইল ফোন কাছে রাখার অপরাধে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এক পরীক্ষার্থীকে ৫শ' টাকা জরিমানা করা হয়েছে। কুমিরা মহিলা কলেজের বিএম শাখা প্রধান ও প্রভাষক অভিজিৎ মিত্র জানান, এইচএসসি পরীক্ষা চলাকালে মঙ্গলবার সাতক্ষীরা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. আবু তালেব পরীক্ষা কেন্দ্রে আসেন। এসময় তিনি কুমিরা মহিলা কলেজ কেন্দ্রের বিএম শাখার পরীক্ষা কেন্দ্র থেকে পরিক্ষার হলে মোবাইল ফোন রাখার অভিযোগে পাটকেলঘাটা হারুণ-অর-রশিদ ডিগ্রি কলেজ'র বিএম শাখার পরীক্ষার্থী মো. আবুল খায়েরকে ভ্রাম্যমাণ আদালতে ৫শ' টাকা জরিমানাসহ পরীক্ষা থেকে বহিষ্কার করেন। এছাড়া জাতপুর টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের পরীক্ষার্থী মোস্তফা মোল্যাকে পরীক্ষায় নকল করার অভিযোগে বহিষ্কার করেন।

অপরদিকে পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনে অবহেলাসহ ব্যর্থতার দায়ে পরীক্ষার কক্ষ পরিদর্শক কুমিরা মহিলা কলেজের শিক্ষক বিজন মন্ডল এবং নিলুফার ইয়াসমিনসহ প্রিন্সিপাল আক্তারুজ্জামান কলেজের শিক্ষক কালীপদ দাশকে বহিষ্কার করা হয়। উল্লেখ্য, এইচএসসি পরীক্ষার প্রথম দিন ডিসি'র প্রতিনিধি হিসেবে কেন্দ্র পরিদর্শনকারী ম্যাজিস্ট্রেট এই একই কলেজ কেন্দ্র থেকে দলুয়া শহীদ জিয়াউর রহমান কলেজ এবং খলিশখালী প্রিন্সিপাল আক্তারুজ্জামান কলেজের একজন করে ছাত্রকে বহিষ্কার করেন। এ সময় দায়িত্ব পালনকালে পরীক্ষার কক্ষে ঘুমানোর দায়ে কুমিরা মহিলা কলেজের শিক্ষক রেজাউল ইসলাম এবং দায়িত্ব পালনে অবহেলাসহ ব্যর্থতার দায়ে জাতপুর বি.এম কলেজের শিক্ষিকা সেলিনা খাতুন'র ডিউটি বাতিল করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ..............................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর